# বাংলাদেশ সুপ্রীম কোর্ট
# হাইকোর্ট বিভাগ, ঢাকা।

সার্কুলার নম্বর......০৬......./২০১৫ এ, তারিখঃ ০৪/০৫/২০১৫ খ্রিঃ

**বিষয়ঃ আদালতের বিচারিক কর্মঘন্টার দ্বিতীয় ভাগে (দুপুর ২.০০ ঘটিকা হতে দুপুর ৪.৩০ ঘটিকা) বিবিধ মামলাসমূহ বিশেষ করে ফৌজদারী বিবিধ মামলা ও অস্থায়ী নিষেধাজ্ঞার আবেদনপত্র শুনানি গ্রহণ সংক্রান্ত।**

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, অধিকাংশ জেলায় আদালতের বিচারিক কর্মঘন্টার দ্বিতীয় ভাগে (দুপুর ২.০০ ঘটিকা হতে দুপুর ৪.৩০ ঘটিকা) বিজ্ঞ আইনজীবীগণ এজলাসে উপস্থিত না থাকায় বিচার কার্যক্রম পরিচালনায় বিঘ্ন ঘটছে। বর্তমানে সারাদেশের অধস্তন আদালতসমূহে প্রায় ২৮ লক্ষ মামলা বিচারাধীন রয়েছে এবং এই সংখ্যা ক্রমেই বৃদ্ধি পাচ্ছে। আদালতসমূহে বিচারাধীন মামলার সংখ্যা বৃদ্ধি পাওয়ার প্রেক্ষিতে আদালতের বিচারিক কর্মঘন্টার পূর্ণ ব্যবহার একান্তভাবে জরুরী।

এমতাবস্থায়, বিচারপ্রার্থী জনগণের ন্যায়বিচার প্রাপ্তি, বিচার লাভের সহজগম্যতা নিশ্চিত করা এবং বিচারাধীন মামলাসমূহ দ্রুততার সাথে নিষ্পত্তির মাধ্যমে আদালতসমূহের মামলা জট হ্রাস করার নিমিত্ত সকল জেলা ও দায়রা জজ আদালত, মহানগর দায়রা জজ আদালত, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, বিভাগীয় বিশেষ জজ আদালত ও সমপর্যায়ের আদালত/ট্রাইব্যুনাল এবং প্রযোজ্য ক্ষেত্রে উক্ত আদালতসমূহের প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন আদালতসমূহের বিচারকগণকে নিম্নলিখিত নির্দেশাবলী যথাযথভাবে প্রতিপালনের নির্দেশ প্রদান করা হলোঃ

১। বিচারকগণ আবশ্যিকভাবে বিচারিক কর্মঘন্টার দ্বিতীয় ভাগে (দুপুর ২.০০ ঘটিকা হতে দুপুর ৪.৩০ ঘটিকা) বিবিধ মামলাসমূহ বিশেষ করে ফৌজদারী বিবিধ মামলা ও দোতরফা অস্থায়ী নিষেধাজ্ঞার আবেদনপত্র সংক্রান্ত শুনানি গ্রহণ করবেন এবং এরূপ মামলার শুনানি গ্রহণের পর অবশিষ্ট সময় থাকলে সে সময়ও আপীল, রিভিশন ইত্যাদি মামলার শুনানি গ্রহণ করবেন।

২। উপরিউক্ত আদালতসমূহের যেসব আদালতে বিবিধ মামলা বিচারাধীন নেই সেসব আদালতে বিচারিক কর্মঘন্টার ১ম ভাগ এবং ২য় ভাগের সমগ্র সময় বিচারকগণ মূল মামলা/আপীল মামলা/রিভিশন মামলার শুনানি গ্রহণ করে বিচারিক কর্মঘন্টার পূর্ণ ব্যবহার নিশ্চিত করবেন।

৩। এ সার্কুলার ইতোপূর্বে অত্র কোর্ট হতে জারীকৃত সার্কুলারসমূহের পরিপূরক হিসেবে গণ্য হবে। তবে পূর্বে জারিকৃত সার্কুলারের কোনো বিষয়ের সাথে এ সার্কুলারের কোনো নির্দেশাবলী অসামঞ্জস্যপূর্ণ হলে এ সার্কুলারের বিধানাবলী প্রযোজ্য হবে।

আদেশক্রমে,

স্বাঃ/
(সৈয়দ আমিনুল ইসলাম)
রেজিস্ট্রার
বাংলাদেশ সুপ্রীম কোর্ট
ফোনঃ ৯৫৬২৭৮৫
ই-মেইলঃ registrar@supremecourt.gov.bd

স্মারক নং- ১২৪৮৭ এ, তারিখঃ ০৫.০৫.২০১৫ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্হা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

১. জেলা জজ,------------------------------------------------------------------(সকল)।

২. মহানগর দায়রা জজ,------------------------------------------------------- (সকল)।

৩. বিভাগীয় বিশেষ জজ,------------------------------------------------------ (সকল)।

৪. বিচারক(জেলা জজ) নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল,------------------- (সকল)।

৫. বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল,---------- (সকল)।

৬. বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল,-------------------------------- (সকল)।

৭. বিশেষ জজ (জেলা জজ),---------------------------------------------------- (সকল)।

৮. বিচারক (জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা।

৯. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা। (বিষয়টি বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

১০. সভাপতি, জেলা আইনজীবি সমিতি,------------------------------------------(সকল)।

০৫/০৫/১৫

(মোঃ আজিজুল হক)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাঃ ও বিচার)
ফোনঃ ৯৫৬৬৮২৬